সমকাল

তারিখ 2 3 JUL 2015
পৃষ্ঠা ১৬ কলাম ৩



সাতক্ষীরার শ্যামনগরে দুই শিশুকে গাছে বেঁধে নির্যাতন করা হয় ■ সমকাল

# আবারও বর্বরতা

## শ্যামনগরের পল্লীতে গাছে বেঁধে দুই শিশুকে নির্যাতন

■ সাতক্ষীরা প্রতিনিধি,

সিলেটের শিশু রাজন হত্যাকাণ্ডের বিচারের দাবিতে যখন সারাদেশ সোচ্চার, ঠিক এমন সময় আবারও শিশু নির্যাতনের ঘটনা ঘটল সাতক্ষীরার শ্যামনগরের পল্লীতে। প্রতিবেশীর রাস্তায় খেলা করার অপরাধে দুই শিশুকে গাছে শিকল ও দড়ি দিয়ে বেঁধে নির্যাতন করা হয়। এ ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

জানা গেছে, প্রতিবেশী গোলাম মোস্তফার জায়গা দিয়ে যাওয়া রাস্তার ওপর খেলছিল ইয়াছিন (৮) ও ন্যাছিম (৯)। এ সময় বৃষ্টি শুরু হলে মোস্তফা তাদের বাড়ি চলে যেতে বলেন। কিন্তু তারা বাড়ি না গিয়ে সেখানেই খেলা শুরু করে। বৃষ্টিতে খেলা করায় রাস্তায় কাদা জমে যায়। এতেই ক্ষিপ্ত হন মোস্তফা। এ সময় মোস্তফা দুই শিশুকে ধরে এনে পায়ে শিকল পরিয়ে মোটা দড়ি গোটা শরীরে পেঁচিয়ে গাছের সঙ্গে বেঁধে রাখেন। এর পর শুরু করেন নির্যাতন। গত ১৬ জুলাই এ ঘটনা ঘটলেও সম্প্রতি জানাজানি হয়।

খবর পেয়ে ইয়াছিন ও নাছিমের অভিভাবকরা এগিয়ে এলে তাদেরও মারধর করতে উদ্যত হন মোস্তফা। এ ঘটনায়

■ পৃষ্ঠা ১১ : কলাম ৬

# আবারও বর্বরতা

[শেষ পৃষ্ঠার পর]

এলাকায় তীব্র ক্ষোভের সৃষ্টি হয়।

নির্যাতনের শিকার শিশুরা হলো জয়নগর গ্রামের ইসমাইল তরফদারের ছেলে ইয়াছিন (৮) ও হামিদ তরফদারের ছেলে নাছিম (৯)। তারা দু'জনই তৃতীয় শ্রেণীর ছাত্র। নির্যাতনকারী মোস্তফা ওই গ্রামের ইমরান আলী মোড়লের ছেলে।

পরে এ ঘটনায় গতকাল বুধবার সকালে শ্যামনগর থানায় নির্যাতনের শিকার শিশু নাছিম তরফদারের পিতা হামিদ তরফদার বাদী হয়ে মামলা করেন। মামলার পরই বুধবার বিকেলে নির্যাতনকারী মোস্তফাকে আটক করে পুলিশ।

বিষয়টি নিশ্চিত করে কালীগঞ্জ সার্কেলের সহকারী পুলিশ সুপার মীর মনির হোসেন জানান, শিশু ইয়াছিন ও নাছিমের নির্যাতনকারীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।